# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## ৪৭তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৭তম বার্ষিক সাধারণ সভা ২৮ জানুয়ারি ২০২৩ খ্রি., ১৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ, শনিবার সকাল ১১.০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়।

কোম্পানির মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিকল্স অব এসোসিয়েশন এর ধারা ১০২ অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর চেয়ারম্যান (সচিব) এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত পরিচালকবৃন্দ ও কোম্পানি সচিব উপস্থিত ছিলেন: -

| | | |
|---|---|---|
| ১ | জনাব শংকর প্রসাদ দেব | স্বতন্ত্র পরিচালক |
| ২ | জনাব মোঃ সামসুদ্দোহা | স্বতন্ত্র পরিচালক |
| ৩ | জনাব অনুপম বড়ুয়া | পরিচালক |
| ৪ | জনাব এ কে এম মিজানুর রহমান | পরিচালক |
| ৫ | জনাব শাকিল আহমেদ | পরিচালক |
| ৬ | জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন | পরিচালক |
| ৭ | জনাব মোহাম্মদ হাসানুজ্জামান | পরিচালক |
| ৮ | মিসেস অনিকা চৌধুরী | শেয়ারহোল্ডার পরিচালক |
| ৯ | জনাব মোঃ গিয়াস উদ্দিন আনচারী | পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক |

জনাব মোঃ মাসুদুল ইসলাম, কোম্পানি সচিব সভায় উপস্থিত থেকে কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে ১১৬ জন ব্যক্তিগতভাবে এবং ২ জন প্রক্সি মাধ্যমে অনলাইনে উপস্থিত ছিলেন।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৭তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র পরিচালকবৃন্দ, ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, বিপিসি'র প্রতিনিধিবৃন্দ, অতিথিবৃন্দ এবং সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডাগণকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি অত্যন্ত আনন্দের সাথে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৭তম বার্ষিক সাধারণ সভার শুভ সূচনা ঘোষণা করেন। সভার প্রারম্ভে পবিত্র কোরআন তেলাওয়াত করেন কোম্পানির ইবাদত খানার ইমাম জনাব নুরুল আলম। এ পর্যায়ে কোম্পানি সচিব পরিচালকমন্ডলীকে তাঁদের পরিচিতি প্রদানের অনুরোধ করলে পরিচাকলকবৃন্দ নিজ নিজ পরিচিতি প্রদান করেন।

সভাপতি মহোদয় কোম্পানি সচিব জনাব মোঃ মাসুদুল ইসলাম কে সভার নোটিশ পাঠের আহবান জানান। কোম্পানি সচিব সভার নোটিশ পাঠ করেন এবং চেয়ারম্যান মহোদয়কে সার্বিক বিষয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

**চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য :**

সম্মানিত শেয়ারহোল্ডারগণ, পরিচালকমণ্ডলী ও সুধিবৃন্দকে সালাম জানিয়ে বক্তব্যের শুরুতে চেয়ারম্যান মহোদয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সেই সাথে গভীর শ্রদ্ধা জানান শহীদ মুক্তিযোদ্ধাদের যাঁদের আত্মত্যাগের বিনিময়ে স্বাধীনতা অর্জিত হয়েছে।

পর্ষদ চেয়ারম্যান বলেন, বিগত বছরের ন্যায় সার্বিক বিবেচনায় অদ্যকার ৪৭তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে। অদ্যকার সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ায় শেয়ারহোল্ডারগণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্য হচ্ছে বিগত বছরের ব্যবসায়িক সাফল্য, ফলাফল ও কার্যকলাপ সম্পর্কে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে শেয়ারহোল্ডারগণকে অবহিত করা ও শেয়ারহোল্ডারদের বিভিন্ন প্রশ্নের জবাব দেয়ার মাধ্যমে কোম্পানির জবাবদিহিতা নিশ্চিত করা এবং কোম্পানিকে আরও উন্নত ও গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

তিনি জানান যে, বর্তমান সরকার জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে বদ্ধপরিকর। ইউক্রেন-রাশিয়ার মধ্যে যুদ্ধের কারণে জ্বালানি তেলের মূল্য অত্যন্ত অস্থিতিশীল অবস্থায় রয়েছে। শত প্রতিকূলতার মাঝেও সরকার জ্বালানি তেলের সহজ প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান যমুনা অয়েল কোম্পানী লিমিটেড দেশের অন্যতম সরকারি জ্বালানি তেল বিপণনকারী প্রতিষ্ঠান হিসেবে সারাদেশে বিদ্যুৎ, কৃষি, শিল্প ও পরিবহণ খাতে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। পদ্মা সেতু নির্মাণে এ কোম্পানি বিটুমিন সরবরাহ করে দেশের অর্থনৈতিক উন্নয়নে পাশে থেকেছে। এছাড়াও এ কোম্পানি সরকারের উন্নয়ন প্রকল্পসমূহে জ্বালানি তেল ও বিটুমিন সরবরাহ করে উন্নয়ন কর্মকান্ডে অবদান রেখে চলেছে। জেওসিএল ২০২১-২০২২ অর্থ বছরে ১৮,৬৮,০১৩ মেট্রিক টন পণ্য বিপণন করেছে এবং কোম্পানির কর পরবর্তী নীট লাভ হয়েছে ১৮৬.৩৪ কোটি টাকা। এ কোম্পানি চলমান বিশেষ পরিস্থিতিতেও সারাদেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ করে আসছে। দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব স্বাভাবিক হওয়ার ফলে আলোচ্য বছরে টার্ণওভার কিছুটা বৃদ্ধি পেয়েছে তবে ব্যাংক সুদ হার কমায় আলোচ্য অর্থ বছরে নীট লাভ কিছুটা হ্রাস পেয়েছে। শেয়ারহোল্ডারগণকে অবহিত করেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০২১-২০২২ কর বছরে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড "জ্বালানি" খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্বাচিত হয়ে ট্যাক্স কার্ড সম্মাননাপত্র ও ক্রেস্ট অর্জন করেছে।

তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিলারের অর্থায়নে দু'টি অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বিশ্বমানের মডেল ফিলিং স্টেশন নির্মাণ সম্পন্ন হয়েছে। ব্যবসায়িক পরিচালন ক্ষমতা বাড়ানোর জন্য প্রধান স্থাপনায় পল্টুন জেটি/''এলজে-৩" এর সম্প্রসারণ কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মতি পাওয়া গেছে; শীঘ্রই এ জেটি সম্প্রসারণের কাজ শুরু হবে। তাছাড়া চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রাধীন ডলফিন জেটি-৩ খালি থাকা সাপেক্ষে অত্র কোম্পানি কর্তৃক ব্যবহারের সম্মতি পাওয়া গেছে। তিনটি তৈল বিপণন কোম্পানির প্রধান স্থাপনাসমূহের পরিচালন কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের লক্ষ্যে স্পেনের স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠানের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সমাপ্তির পথে। জ্বালানি তেলের মজুদ বৃদ্ধির জন্য প্রধান স্থাপনা সহ ডিপোসমূহে মোট ৪০,০০০ মে.টন ধারণ ক্ষমতার ট্যাংক নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জের শীতলক্ষ্যা নদীর পাড়ে একটি নতুন ডিপো স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও ভৈরব বাজার ডিপোকে সম্পূর্ন নতুন আদলে স্থাপনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। কোম্পানির ডিপোসমূহ অটোমেশন সিস্টেমের আওতায় আনয়নের লক্ষ্যে আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রস্তাব সমূহ যাচাই-বাচাই পর্যায়ে রয়েছে।

তিনি শেয়ারহোল্ডারদের আশ্বস্ত করে বলেন, কোম্পানির " কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং (যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা ২য় ফেইজ " শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকার কাওরান বাজারে ৩য় তলা হতে ২০ তলা ভবন নির্মাণ কাজটির ১৬ তলা পর্যন্ত কাঠামোগত নির্মাণ সম্পন্ন হয়েছে। বুয়েটের পরামর্শক সেবা গ্রহণ করে অবশিষ্ট কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রকল্পটি শেষ হওয়ার পর জেওসিএল এর ভাড়া আয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। এই সকল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কোম্পানির পরিচালন সক্ষমতা বৃদ্ধি পাবে। তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি কোম্পানির সম্মানিত সদস্য, গ্রাহক, ব্যবসায়িক সহযোগী, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং অন্যান্য স্টেকহোল্ডারদেরকে তাদের অবিচ্ছিন্ন সমর্থন ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান। বোর্ডের সকল সদস্য, কোম্পানির ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণ, নিরীক্ষক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেডকে তাদের উদ্যোগ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

চেয়ারম্যান মহোদয় বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এর বক্তব্য ও পরিচালকমণ্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণের সম্মতিক্রমে তা পঠিত হয়েছে বলে গণ্য করেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণকে তাঁদের মূল্যবান প্রশ্ন ও মন্তব্য/মতামত প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘণ্টা আগে থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয়েছে বলে উল্লেখ করেন। তিনি আশা করেন, শেয়ারহোল্ডারগণ তাঁদের প্রশ্ন উত্থাপন, মন্তব্য/মতামত প্রদান ও ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারগণের ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন এবং কোম্পানি সচিব শেয়ারহোল্ডারগণের নিম্মোক্ত মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করেন:

**০১) জনাব মোঃ মোবারক হোসেন, (বিও আইডি নং ১২০২৫৩০০১৯৮১৫১২২)**

তিনি শুরুতে কোম্পানির সম্মানিত চেয়ারম্যান মহোদয়, অভিজ্ঞতা সম্পন্ন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে আন্তরিক শুভেচ্ছা জানান এবং তেল কোম্পানিগুলো সারা দেশে তেল সরবরাহ করে দেশের চাকা সচল করে দেশকে কর্মক্ষম করে উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে নিয়ে যাচ্ছে বলে মন্তব্য করেন এবং এর মধ্যে যমুনা অয়েল অন্যতম বলেও মন্তব্য করেন। তিনি এমন একটি কোম্পানির শেয়ারহোল্ডার হতে পেরে নিজেকে গর্বিত মনে করেন। তিনি দ্রব্য মূল্য বৃদ্ধির এই ক্রান্তিকালে ১২০% ক্যাশ ডিভিডেন্ড অত্যন্ত উপকারে আসবে বলে মন্তব্য করেন এবং অত্র কোম্পানির সর্বোচ্চ ভ্যাট ও ট্যাক্স প্রদান করে দেশের উন্নয়নে অবদান রাখার জন্য ধন্যবাদ জানান ।

### ০২) জনাব মোঃ শামসুদ্দিন খালেদ - (বিও আইডি নং ১২০৩০৮০০১১১৬৬৮০)

তিনি ভার্চুয়ালি বার্ষিক সাধারণ সভার পরিবর্তে একচুয়াল ফোরামে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

### ০৩) জনাব মোঃ সোহরাব হোসেন লিংকন- (বিও আইডি নং ১২০১৪৭০০০০০২১৭১১)

তিনি ১২০% নগদ লভ্যাংশ এবং ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএম আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে নগদ লভ্যাংশ বিইএফটিএন করার অনুরোধ করেন। ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএম করার জন্য ধন্যবাদ জানিয়ে আগামী বছর আরো ভালো লভ্যাংশ পাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন। এছাড়াও রাশিয়া-ইউক্রেন যুদ্ধ প্রভাবে ব্যবসায়িক পরিস্থিতি কেমন তা জানতে চান।

### ০৪) জনাব আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব, (বিও আইডি নং ১২০১৯৬০০০৮০১৪৩৬৭)

তিনি শুরুতে সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে সালাম জানিয়ে 'যমুনা অয়েল কোম্পানী লিমিটেড' জ্বালানি সেক্টরের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ করদাতা নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান এবং বার্ষিক প্রতিবেদনে বঙ্গবন্ধুর ১০ জানুয়ারি ১৯৭২ এর স্বদেশ প্রত্যাবর্তনের ঐতিহাসিক দুর্লভ ছবি সংযোজনকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এক অনন্য সিদ্ধান্ত ও দেশপ্রেমের উজ্জ্বল দৃষ্টান্ত বলে মন্তব্য করেন।

তিনি বার্ষিক প্রতিবেদনে কোম্পানির পরিচিতি, তথ্যের ব্যাখ্যায় ব্যবহৃত ভাষাশৈলী, কোম্পানির ব্যবসায়ের বিস্তারিত তথ্যাদির সন্নিবেশন ও পরিচালকমন্ডলীর পরিচিতি এবং ৬০.০৮% সরকারি মালিকানাধীন এ কোম্পানির ১০ জনের প্রায় সবাই জ্বালানি সেক্টরের বোদ্ধা ও ব্যক্তিত্বসম্পন্ন বলে ভূয়সী প্রশংসা করেন এবং এ বছর কোম্পানির Earning Per Share (EPS) গতবারের তুলনায় কিছুটা (১.৩৭ টাকা) কমলেও Net Operating Cash Flow Per Share & Net Asset Value বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

এছাড়াও এজিএম এর ৮নং বিশেষ আলোচ্যসূচীতে প্রস্তাবিত পরিচালকদের বোর্ড সভায় যোগদানের উপস্থিতির সম্মানী বৃদ্ধিকে সমর্থন করেন। সেই সাথে কোম্পানির চাকা সচল রাখার জন্য যারা নিরন্তর শ্রম দিয়ে চলেছেন তাদেরকেও কিছু পারিতোষিক বাড়ানোর প্রস্তাব রাখেন এবং ওয়ার্কারস পার্টিসিপেশন ফান্ডে কোম্পানির পক্ষ থেকে নিয়মিত প্রভিশন রাখার জন্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি প্রতিষ্ঠানের CSR কার্যক্রমের আওতায় এ বছর অন্যান্য খাতের মধ্যে মসজিদ-মাদ্রাসায়ও বেশ ভাল অনুদান দেয়া হয়েছে বলে শুকরিয়া আদায় করেন, এক্ষেত্রে ভবিষ্যতে দেশের প্রত্যন্ত অঞ্চলের মাদ্রাসা-মসজিদ CSR কার্যক্রমের আওতায় আনা হবে কিনা তা জানতে চান এবং জ্বালানি সেক্টরের কোম্পানিসমূহের সম্পদ পুনঃ মূল্যায়নের ক্ষেত্রে BPC এর বর্তমান করনীয় অবস্থা সম্পর্কে জানতে চান।

### ০৫) জনাব কবির আহমেদ চৌধুরী, (বিও আইডি নং ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)

তিনি বক্তব্যের শুরুতে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৭তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, বিজ্ঞ পরিচালনা পর্ষদ, দক্ষ ব্যবস্থাপনা টিম, প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির নিরন্তর সংগ্রামে নিয়োজিত শ্রমিক, কর্মচারী, কর্মকর্তাগণকে সালাম এবং শুভেচ্ছা জানান এবং এ বছরের বার্ষিক প্রতিবেদন খুবই সুন্দর হয়েছে বলে প্রশংসা করেন। তাছাড়া, প্রচ্ছদসহ ভালো রিপোর্ট উপস্থাপনের জন্য কোম্পানি সচিবকে ধন্যবাদ জানান এবং রিপোর্টটি পড়ে সন্তোষ প্রকাশ করেন।

তিনি বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত যমুনা অয়েলের প্রধান কার্যালয়টি অত্যন্ত সুন্দর ও টিপটপ যা অন্যদের থেকে বিরল বলে মন্তব্য করেন এবং প্রতিটি শাখা চকচকে, এমডি মহোদয়ের অফিস আরো সুন্দর এবং সিবিএ অফিস থেকে ক্যান্টিন পর্যাপ্ত পরিস্কার ও পরিচ্ছন্ন তথা তেল সেক্টরে সৌন্দর্যের দিক দিয়ে এই প্রতিষ্ঠান এক নম্বরে আছে বলে ভূয়সী প্রশংসা করেন। এছাড়াও তিনি এনেক্স ভবনের ভবিষ্যৎ পরিকল্পনা এবং প্রধান কার্যালয়ে লিফট লাগানোর অগ্রগতি জানতে চান। পরিশেষে সবার জীবন সুস্থ, সুন্দও হউক এবং অনাবিল শান্তি আসুক এই কামনা ব্যক্ত করেন।

### ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য ও জবাব:

ব্যবস্থাপনা পরিচালক যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর আজকের ৪৭তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান, সরকারের সচিব এবং এ কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি, পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র প্রতিনিধিসহ ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক, কর্মকর্তাবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, অতিথিবৃন্দ এবং এ কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দকে সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন।

বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদদেরকে এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সাহাদাতবরণকারী পরিবারের সকল সদস্যদের নির্মম হত্যাকান্ডের তীব্র নিন্দা জ্ঞাপন করেন

এবং সাথে সাথে সাহাদাতবরনকারী সকলের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন। জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে তাঁর বলিষ্ঠ নেতৃত্বে দেশ আজ স্বল্পোন্নত হতে উন্নয়নশীল পর্যায়ে উন্নীত হওয়ায় উষ্ণ অভিনন্দন জানান।

তিনি ৪৭তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হয়ে ধৈর্য ধরে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ জানান।

তিনি উল্লেখ করেন যে, কোম্পানির প্রধান কার্যালয় এবং প্রধান স্থাপনা চট্টগ্রামে অবস্থিত। দেশের বিভিন্ন স্থানে ৪টি বিভাগীয় বিক্রয় অফিস, ১৬টি ডিপো, ৭৪২টি ফিলিং স্টেশন, ১২২০টি এজেন্ট, ২৭৪টি প্যাক্‌ড পয়েন্ট ডিলার, ৭৮৮টি এলপিজি ডিলার, ২০টি মেরিন ডিলার এবং ৪টি বৈদেশিক বাংকার সরবরাহকারী দ্বারা শক্তিশালী নেটওয়ার্ক এর মাধ্যমে সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের নিকট পেট্রোলিয়ামজাত পণ্য সরবরাহ ও সেবা প্রদান করে আসছে।

তিনি আরো উল্লেখ করেন যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিলারের অর্থায়নে দু'টি অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বিশ্বমানের মডেল ফিলিং স্টেশনের মধ্যে ১টির নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। অচিরেই ফিলিং স্টেশনটির শুভ উদ্বোধন হবে আশা করনে। অপরটির নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। আগামী জুনে এটির উদ্বোধন হবে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন কোম্পানির ব্যবসায়িক পরিচালন ক্ষমতা বাড়ানো জন্য চট্টগ্রামস্থ প্রধান স্থাপনার পল্টুন জেটি/এলজে-৩ এর সম্প্রসারণ কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মতি পাওয়া গেছে; অতি শীঘ্র এ জেটি সম্প্রসারণ কাজ শুরু হবে। জেটি সম্প্রসারণ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হলে কোম্পানির ব্যবসায়িক ও পরিচালন কার্যক্রম বৃদ্ধি পাবে। কোম্পানির ''কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং (যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা (২য় ফেজ)" শীর্ষক প্রকল্পের ৩য় তলা হতে ২০ তলা ভবন নির্মাণ কাজটির ১৬ তলা পর্যন্ত কাঠামোগত নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ব্যবসা সম্প্রসারণের আওতায় কোম্পানি ডিলারগণের নিকট যানবাহনে অটো গ্যাস সরবরাহের জন্য এলপিজি অপারেটর হিসেবে লাইসেন্স প্রাপ্ত ওমেরা গ্যাস ওয়ান লিমিটেড, বিএম এনার্জি লিমিটেড, ডেল্টা এলপিজি লিমিটেড, বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড, বেক্সিমকো এলপিজি লিমিটেড এবং লাফ্‌স গ্যাস লিমিটেড এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে। এ খাতে কোম্পানির আয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। জ্বালানি তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধির জন্য প্রধান স্থাপনাসহ ডিপোসমূহে মোট ৪০ হাজার মেট্রিন টন ধারণ ক্ষমতা সম্পন্ন ট্যাংক নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ সকল কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা গেলে কোম্পানির ব্যবসায়ের পরিধি বৃদ্ধি, জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিচালন সক্ষমতা বৃদ্ধিসহ কোম্পানির আয় পূর্বের তুলনায় আরও বৃদ্ধি পাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শের জন্য ধন্যবাদ জানান। শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শ যেগুলো কোম্পানি সচিব পাঠ করেছেন নিম্নে তার জবাব অবগতির জন্য প্রদান করেন।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শের জন্য ধন্যবাদ জানান। শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শ যেগুলো কোম্পানি সচিব পাঠ করেছেন তার জবাব শেয়ারহোল্ডারবৃন্দদের সদয় অবগতির জন্য প্রদান করেন। তিনি বলেন, কোম্পানির কার্যক্রম অধিকতর শক্তিশালী ও কার্যকর করতে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সচেষ্ট রয়েছে। এ কোম্পানি তার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছে এবং ভবিষ্যতেও এধারা অব্যাহত থাকবে। বিগত ২০২১-২০২২ কর বছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জ্বালানি খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্বাচিত হয়েছে। আগামীতে এজিএম ডিজিটাল নাকি ম্যানুয়াল হবে তা সার্বিক পরিস্থিতি বিবেচনার উপর নির্ভর করবে। শেয়ারহল্ডারদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানি আইন ও কর্পোরেট গভর্নেন্স কোড-২০১৮ যথাযথভাবে অনুসরণ করা হয় এবং উক্ত আইন অনুযায়ী নগদ লভ্যাংশ বিইএফটিএন এর মাধ্যমে যথাসময়ে প্রেরণ করা হবে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাব সারাবিশ্বের মতো বাংলাদেশেও পড়েছে। উক্ত যুদ্ধ পরিস্থিতির কারণে বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় এ কোম্পানি নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। তবে জ্বালানি বিভাগ, বিপিসি ও কোম্পানিসমূহ দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে এ চ্যালেঞ্জে মোকাবিলা করে এগিয়ে চলছে। পরিচালকদের বোর্ড সভায় উপস্থিতির সম্মানী বৃদ্ধির বিশেষ আলোচ্যসূচী প্রস্তাব সমর্থনের জন্য শেয়ারহোল্ডারকে তিনি ধন্যবাদ জানান। কোম্পানি সবসময় মুনাফা বৃদ্ধির জন্য সচেষ্ট থাকে। ভবিষ্যতে কোম্পানির মুনাফা বৃদ্ধি পেলে নগদ লভ্যাংশ আরও বৃদ্ধি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, CSR কার্যক্রমের আওতায় অনুদান প্রদানের ক্ষেত্রে দেশের প্রত্যন্ত অঞ্চলের সকল ধরণের ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠানকে বিবেচনা করা হয়। অত্র কোম্পানির সম্পদ পুনঃমূল্যায়নের বিষয়ে কাজ চলমান রয়েছে। চট্টগ্রাম যমুনা ভবনটি দীর্ঘদিনের পুরনো একটি ঐতিহ্যবাহী ভবন। উক্ত ভবনে লিফট স্থাপনের বিষয়টি পরিকল্পনাধীন রয়েছে।

ব্যবস্থাপনা পরিচালক সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে আজকের ৪৭ তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হয়ে ধৈর্য ধরে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে জয় বাংলা বলে বক্তব্য শেষ করেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় শেয়ারহোল্ডাগণের উদ্দেশ্যে বলেন, ৭২ ঘন্টা পূর্বে বার্ষিক সাধারণ সভার বিষয়সমূহের উপর আলোচ্যসূচী অনুসারে পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিং সিস্টেম চালু করা হয়েছে। তিনি বিষয়সমূহের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। এ পর্যায়ে কোম্পানি সচিব বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম শুরু করেন।

সাধারণ আলোচ্য বিষয় (Ordinary Business):

**আলোচ্যসূচি- ১ : ১২ মার্চ ২০২২ খ্রি., ২৭ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ৪৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

**আলোচনা :** কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯(২) ধারা মোতাবেক বিগত ৪৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করা হয়েছে এবং একই সাথে কোম্পানির ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। আশা প্রকাশ করা হয় যে শেয়ারহোল্ডারবৃন্দ তা' পেয়েছেন এবং পড়েছেন। এমতাবস্থায় ৪৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৯৪,৮২৭ সংখ্যক এবং বিপক্ষে ০ সংখ্যক ভোট পড়েছে।

অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে ১২ মার্চ ২০২২ খ্রি., ২৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ, শনিবার অনুষ্ঠিত ৪৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ (আলোচ্যসূচি-১) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ২ : ২০২২ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, ২০২২ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, যুগ্ম-বহিঃনিরীক্ষকের প্রতিবেদন ও শেয়ারহোল্ডারদের উদ্দেশে পরিচালকমন্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারবৃন্দের নিকট প্রেরিত/কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে। প্রতিবেদনসমূহ সকলে পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করে প্রতিবেদনসমূহ পঠিত হয়েছে বলে গণ্য করা হয়।

শেয়ারহোল্ডারবৃন্দের অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৩৪,৪৩২ সংখ্যক এবং বিপক্ষে ১,৩১০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ২০২২ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন (আলোচ্যসূচি-২) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৩: ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে যমুনা অয়েল কোম্পানী ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরে আশানুরূপ মুনাফা অর্জন করতে পারেনি, তথাপি পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের স্বার্থ বিবেচনা করে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ১২০ শতাংশ হারে অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১২.০০ টাকা নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। উক্ত লভ্যাংশ ঘোষণা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৯৪,৬৮৭ সংখ্যক এবং বিপক্ষে ০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য ১২০ শতাংশ অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১২.০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা (আলোচ্যসূচি-৩) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ৪: বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক যাঁরা কোম্পানির সংঘ বিধি অনুযায়ী অবসর গ্রহণ করছেন তাঁদের পুনঃনিয়োগ অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির সংঘ বিধির ১৩৯, ১৪০, ১৪১ এবং ১৪৩ ধারা অনুযায়ী প্রতি বার্ষিক সাধারণ সভায় জ্যেষ্ঠতার ভিত্তিতে পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ পালাক্রমে অবসর গ্রহণ করে থাকেন। এ বার্ষিক সাধারণ সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব এ বি এম আজাদ এনডিসি, জনাব অনুপম বড়ুয়া ও জনাব শাকিল আহমেদ পরিচালনা পর্ষদ হতে অবসর গ্রহণ করছেন। পরিচালক জনাব এ বি এম আজাদ এনডিসি, জনাব অনুপম বড়ুয়া ও জনাব শাকিল আহমেদ পুনঃনির্বাচিত হওয়ার যোগ্যতা রাখেন বিধায় কোম্পানি সংঘ বিধির ১২৯ ধারা অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক এ বি এম আজাদ এনডিসি, জনাব অনুপম বড়ুয়া ও জনাব শাকিল আহমেদ পুনঃমনোনীত হয়েছেন। পরিচালক পদে বিপিসি'র মনোনীত জনাব এ বি এম আজাদ এনডিসি, জনাব অনুপম বড়ুয়া ও জনাব শাকিল আহমেদকে পুনঃনির্বাচিত করার আহ্বান জানানো হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর পক্ষে ৮,৪৭,৩৪,৩৯৭ সংখ্যক এবং বিপক্ষে ১,৩৪৫ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব এ বি এম আজাদ এনডিসি, জনাব অনুপম বড়ুয়া ও জনাব শাকিল আহমেদ এর পুনঃনিয়োগ সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৪) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ৫ : ২০২৩ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

আলোচনা : কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বর্তমান যুগ্ম-বহিঃনিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ৩ বছর পূর্ণ না করায় তাদের পুনঃনিযুক্তির সুযোগ রয়েছে। বর্তমান বহিঃনিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃপক্ষ লিখিতভাবে ২০২২-২০২৩ অর্থ বছরে হিসাব নিরীক্ষার জন্য তাঁদেরকে পুনঃনিযুক্তির জন্য ইচ্ছা ব্যক্ত করেছে। তাদের পুনঃনিযুক্তির যোগ্যতা থাকায় এবং নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালনের ইচ্ছা পোষণ করায় মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে ২০২২-২০২৩ হিসাব বছরের জন্য বিপিসি'র মনোনয়নের প্রেক্ষিতে কোম্পানির যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসাবে ভ্যাট ব্যতীত টাকা ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) ফি'তে (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পরবর্তী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের দিন পর্যন্ত নিযুক্তির অনুমোদনের প্রস্তাব উপস্থাপনের জন্য কোম্পানির বোর্ড কর্তৃক সুপারিশ করা হয়। এমতাবস্থায়, ২০২২-২০২৩ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা: ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৫ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৩৫,৫৭৬ সংখ্যক এবং বিপক্ষে ১০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৫ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্তঃ** কোম্পানির ২০২২-২০২৩ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা: ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৫) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৬ : ২০২৩ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য শেয়ারহোল্ডারদের উদ্দেশে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্তাবলী মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্রের জন্য পেশাদার প্রতিষ্ঠান নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড হিসাবে BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখ: ০৩-০৬-২০১৮ খ্রি. এর সংশ্লিষ্ট ধারা অনুসারে Certification of compliance of corporate governance code এর জন্য মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য বিদ্যমান (ভ্যাট ব্যতীত) ফি টাকা ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) মাত্র এ নিয়ুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে Certification of compliance of corporate governance code প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে নিয়ুক্তির অনুমোদন প্রদান করবেন।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৩৫,৭৩১ সংখ্যক এবং বিপক্ষে ১০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্য হিসাব বছরে কোম্পানির "কর্পোরেট গভর্নেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে ভ্যাট ব্যতীত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা পারিশ্রমিকে পেশাদার প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৬) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৭ : সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যে কোন বিষয় আলোচনা ।**

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বার্ষিক সাধারণ সভায় পূর্বাহ্নে বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোন বিষয়ে আলোচনা করার বিধান নেই, তবুও কোন গুরুত্বপূর্ণ বিষয় থাকলে তা' নথি বহির্ভুতভাবে আলোচনা করা যেতে পারে মর্মে সকলকে অবহিত করা হয়। সংযুক্ত শেয়ারহোল্ডারগণ হতে কোন সাধারণ বিষয় আলোচনার জন্য প্রস্তাব আসে নাই বিধায় আর সাধারণ আলোচ্য বিষয়ে কোন আলোচনা নাই।

বিশেষ আলোচ্য বিষয় (Special Business):-

**আলোচ্যসূচি-৮:** To consider and, if thought fit, to pass with or without modification the following proposed resolution as Special Resolution for amending Clause 138(a) of Articles of Association under **"REMUNERATION OF DIRECTORS":**

| EXISTING CLAUSE 138(A) OF ARTICLES OF ASSOCIATION | PROPOSED CLAUSE 138(A) OF ARTICLES OF ASSOCIATION |
|---|---|
| The remuneration of the Directors for attending the Board Meeting shall not exceed Tk.8,000/- (Eight Thousand) per meeting of the Board of Directors attended by them. | The remuneration of the Directors for attending the Board Meeting shall not exceed Tk.12,000/- (Twelve Thousand) per meeting of the Board of Directors attended by them. |

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, পরিচালনা পর্ষদের সভায় উপস্থিতির ফি ৮০০০ টাকা হতে ১২০০০ টাকা করার লক্ষ্যে কোম্পানির আর্টিকলস্ অব অ্যাসোসিয়েশন এর ধারা ১৩৮(ধ) উপরোক্তরূপে সংশোধনের জন্য উক্ত বিশেষ প্রস্তাব আনায়ন করা হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৮ এর প্রস্তাবের পক্ষে ৮,৪৭,৩৫,১৬৭ সংখ্যক এবং বিপক্ষে ৫৬৯ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৮ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্তঃ** পরিচালনা পর্ষদের সভায় উপস্থিতির ফি ৮০০০ টাকা হতে ১২০০০ টাকা করার লক্ষ্যে বিশেষ সিদ্ধান্তক্রমে কোম্পানির আর্টিকলস্ অব অ্যাসোসিয়েশন এর ধারা ১৩৮(ধ) সংশোধনকল্পে আনীত নিম্নোক্ত প্রস্তাব কোনরূপ পরিবর্তন ব্যতিরেকে অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৮) অনুমোদিত হলো।

| EXISTING CLAUSE 138(A) OF ARTICLES OF ASSOCIATION | REVISED CLAUSE 138(A) OF ARTICLES OF ASSOCIATION |
|---|---|
| The remuneration of the Directors for attending the Board Meeting shall not exceed Tk.8,000/- (Eight Thousand) per meeting of the Board of Directors attended by them. | The remuneration of the Directors for attending the Board Meeting shall not exceed Tk.12,00 0/- (Twelve Thousand) per meeting of the Board of Directors attended by them. |

এ পর্যায়ে কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে সভার সমাপনী বক্তব্য প্রদানের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণার জন্য বিনীত অনুরোধ করেন।

**চেয়ারম্যান মহোদয়ের সমাপনী বক্তব্য:**

চেয়ারম্যান মহোদয় আজকের এই বার্ষিক সাধারণ সভা সফল করার জন্য ধৈর্যসহকারে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে সভাকে সাফল্যমন্ডিত করার জন্য কোম্পানির পরিচালকমণ্ডলী, বিপিসি'র সম্মানিত প্রতিনিধিবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং সূধিবৃন্দ সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন'কে কোম্পানির অগ্রযাত্রায় সঠিক ও সময় উপযোগী দিক-নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি পরিচালনা পর্ষদের সদস্য, ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের আন্তরিক প্রচেষ্টা, উদ্যোগ ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড, সিডিবিএল, রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, নিরীক্ষকদ্বয়, শেয়ারহোল্ডারগণ, কোম্পানির সকল ডিলার, এজেন্ট/ডিস্ট্রিবিউটর ও অন্যান্য গ্রাহকবৃন্দকে তাদের সমর্থন ও দিক-নির্দেশনা প্রদানের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পর্ষদ চেয়ারম্যান ও সভার সভাপতি বলেন, ৪৭তম এজিএম এর অনলাইন সাইট ওপেন হওয়ার ৭২ ঘণ্টার মধ্য শেয়ারহোল্ডারগণ যে সাড়া দিয়েছেন তা ধন্যবাদ পাওয়ার যোগ্য। শেয়ারহোল্ডারগণ অনেক মূল্যবান প্রশ্ন করেছেন ও মন্তব্য/মতামত দিয়েছেন যা ভবিষ্যতে কোম্পানির পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি আশা করেন শেয়ারহোল্ডারগণ ভবিষ্যতে আরও মতামত ও দিকনির্দেশনা প্রদান করে কোম্পানির উন্নয়নে অবদান রাখবেন। ডিজিটাল মাধ্যম তথা ভার্চুয়ালি এজিএম অনুষ্ঠিত হওয়ার ফলে সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিভিন্ন প্রশ্নের জবাব সরাসরি দেয়া সম্ভব হয়নি। আগামীতে পূর্বের মতো শেয়ারহোল্ডারগণের উপস্থিতিতে এজিএমের আয়োজন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকল শেয়ারহোল্ডারগণ ও সম্মানিত সুধিবৃন্দের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ৪৭তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ বি এম আজাদ এনডিসি)
চেয়ারম্যান

# JAMUNA OIL COMPANY LIMITED
## Shareholder's Attendance List

47th Annual General Meeting

## Shareholder's Attendance List

Date : 28 January 2023

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 1 | 1203330043646942 | SUJAN MOHAJAN | 01911896946 | 5 | Digital |
| 2 | 1203330043646969 | SUJAN MOHAJAN | 01911896946 | 5 | Digital |
| 3 | 1203520074016710 | MD. MOZAMMEL HOQUE | 01830000141 | 30 | Digital |
| 4 | 1202530019815122 | MD. MOBARAK HOSSAIN | 01819422463 | 10 | Digital |
| 5 | 1601880025511839 | MOHAMMAD ANWARUL HAQUE KHAN | 01552442327 | 1,300 | Digital |
| 6 | 1201600029582288 | MD.THOWHIDUL HOQUE CHOWDHURY | 01740572289 | 120 | Digital |
| 7 | 1201560000020907 | SQUARE PHARMA. LTD. | 01714091895 | 3,200,000 | Digital |
| 8 | 1201560000011615 | KHANDAKER HABIBUZZAMAN | 01713328886 | 3,500 | Digital |
| 9 | 1201600000777405 | MD. ABDUL MANNAN | 01988324701 | 100 | Digital |
| 10 | 1201530000003501 | ICB | 01717769928 | 10,083,473 | Digital |
| 11 | 1201590019175519 | ABDUR RAHIM | 01716413090 | 19 | Digital |
| 12 | 1201530000003518 | ICB UNIT FUND | 01717769928 | 1,119,001 | Digital |
| 13 | 1201470000021711 | MD. SHORAB HOSSAIN (LINKON) | 01911392979 | 50 | Digital |
| 14 | 1202410000658221 | SHEIKH JAHANGIR ALAM | 01716091773 | 10 | Digital |
| 15 | 1202980004121549 | MD. JAMIL AHMED | 01711102978 | 10 | Digital |
| 16 | 1203210024895834 | MD. SAZZADUR RAHMAN | 01913189593 | 1 | Digital |
| 17 | 1204430073954382 | MD. SHURRUZZAMAN | 01552392195 | 20 | Digital |
| 18 | 1605360048105297 | SUMAN KHASTAGIR | 01911098900 | 1 | Digital |
| 19 | 1201530058391225 | MD. MAMUN HOSSAIN SHAMIM | 01704096965 | 5 | Digital |
| 20 | 1201510016065480 | REHANA KHANAM | 01717303694 | 100 | Digital |
| 21 | 1201510016065464 | MD. TANZILUR RAHMAN | 01558365521 | 100 | Digital |
| 22 | 1202090045594221 | MRS. KHADIZA BEGUM | 01670666016 | 350 | Digital |
| 23 | 1203640022766243 | MD NAZMUL HUDA | 01818355388 | 2 | Digital |
| 24 | 1201530000002366 | ICB ASSET MANAGEMENT CO. LTD. | 88028300412 | 595,838 | Digital |
| 25 | 1604580000002341 | ICB AMCL UNIT FUND | 88028300412 | 780,005 | Digital |
| 26 | 1604580023574551 | ICB EMPL PROV MF ONE SCH ONE | 88028300412 | 65,161 | Digital |
| 27 | 1604580024387821 | PRIME BANK 1ST ICB AMCL MF | 88028300412 | 121,588 | Digital |
| 28 | 1604580024425376 | ICB AMCL THIRD NRB MF | 88028300412 | 60,155 | Digital |
| 29 | 1604580024425384 | PHOENIX FINANCE 1ST MF | 88028300412 | 30,000 | Digital |
| 30 | 1604580037759084 | ICB AMCL SONALI BANK 1ST MF | 88028300412 | 210,950 | Digital |
| 31 | 1604580038429901 | ICB AMCL FIRST AGRANI BANK MF | 88028300412 | 236,691 | Digital |
| 32 | 1605420043478871 | BANGLADESH FUND | 88028300412 | 2,286,331 | Digital |
| 33 | 1604580000002358 | ICB AMCL CONV. 1ST UNIT FUND | 88028300412 | 25,000 | Digital |
| 34 | 1604580000003542 | THIRD ICB UNIT FUND | 00000000000 | 4,133 | Digital |

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 35 | 1604580000003550 | FIFTH ICB UNIT FUND | 00000000000 | 68,376 | Digital |
| 36 | 1604580000003593 | FOURTH ICB UNIT FUND | 00000000000 | 37,887 | Digital |
| 37 | 1604580000003577 | SEVENTH ICB UNIT FUND | 00000000000 | 108,655 | Digital |
| 38 | 1604580000003585 | EIGHTH ICB UNIT FUND | 00000000000 | 109,225 | Digital |
| 39 | 1604580017553369 | ICB AMCL SECOND NRB UNIT FUND | 88028300412 | 163,258 | Digital |
| 40 | 1202600010002035 | MD.NAZMUS SAKIB | 01715620967 | 50 | Digital |
| 41 | 1203330050022365 | MD FEROZ UDDIN | 01838263295 | 2 | Digital |
| 42 | 1203330052754084 | MD TAKY UDDIN | 01996544633 | 2 | Digital |
| 43 | 1204220062388551 | MD MOHIUDDIN | 01862239979 | 35 | Digital |
| 44 | 1202390059675355 | MR. MD. SHIRAJUL ISLAM | 01672351523 | 100 | Digital |
| 45 | 1605360048112068 | ANJUM ARA BEGUM | 01912643858 | 1,000 | Digital |
| 46 | 1202760000048884 | MOHAMMAD OSMAN GONI | 01816156562 | 1 | Digital |
| 47 | 1601620043537582 | BNYM AC UPS GROUP TRUST<br>Proxy / Representative:<br>Abdul Munnaf<br>Officer | 01709817411 | 171,184 | Digital |
| 48 | 1202430001406103 | MD. ABDUR RAZZAK | 01552365909 | 5 | Digital |
| 49 | 1204490044971698 | MD. SHAH ALAM | 01556577109 | 50 | Digital |
| 50 | 1203690021994664 | SHIRIN AKTAR | 01533211077 | 1 | Digital |
| 51 | 1203360007668013 | A.B.M ZIAUR RAHAMAN | 01716129965 | 5 | Digital |
| 52 | 1203360015752681 | A.B.M TAZ RIFAT RAHMAN | 01920167447 | 6 | Digital |
| 53 | 1202530007961922 | MOHAMMED MONSUR-A-KHODA | 01911131800 | 100 | Digital |
| 54 | 1203080001116680 | MUHAMMAD SHAMSUDDIN KHALED | 01554343320 | 10 | Digital |
| 55 | 1201840000703232 | HIRALAL BANIK | 01711447461 | 100 | Digital |
| 56 | 1205300053883325 | ASHEKA RAHIM | 01711521632 | 500 | Digital |
| 57 | 1204430015340656 | SANKAR KUMAR MALLICK | 01712224747 | 100 | Digital |
| 58 | 1201580019944629 | M.MONOWAR HOSSAIN | 01911969707 | 6 | Digital |
| 59 | 1204180059298506 | MD.NURUN NABI | 01714178407 | 47 | Digital |
| 60 | 1201510016071249 | REHANA KHANAM | 01717303694 | 25 | Digital |
| 61 | 1202050004256108 | BISHWAJIT GHOSH. | 01721722941 | 80 | Digital |
| 62 | 1201960017147413 | KAMAL UDDIN AHMED | 01623544132 | 121 | Digital |
| 63 | 1201600005478772 | MRS. MORJINA AKTER (SEEMA) | 01715349234 | 120 | Digital |
| 64 | 1202050002386324 | BISHWAJIT  GHOSH | 01721722941 | 1 | Digital |
| 65 | 1201510016065472 | A.N.M SOLAIMANUR RAHMAN | 01715286921 | 50 | Digital |
| 66 | 1201600070660342 | MUHAMMAD EHSAN ALI | 01830363370 | 10 | Digital |
| 67 | 1202190012965253 | MD. MASUDUR RAHMAN | 01552410268 | 200 | Digital |
| 68 | 1202760048023850 | MOHAMMAD SHARIFUL ISLAM | 01716774435 | 600 | Digital |
| 69 | 1202420043854201 | AZAD AHASAN | 01677353950 | 1 | Digital |
| 70 | 1605260074809609 | SHAMIM MIAH | 01912252400 | 520 | Digital |
| 71 | 1203340040927881 | MOHAMMAD FAZLUR RAHMAN (ALAMGI | 01819645482 | 1 | Digital |
| 72 | 1202280031990188 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 5 | Digital |
| 73 | 1202280031990201 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 1 | Digital |
| 74 | 1201980033134912 | SUKLA  SAHA | 01718332185 | 1 | Digital |
| 75 | 1204890062108754 | SUMON KHASTAGIR | 01911098900 | 600 | Digital |
| 76 | 1202280032052674 | SUMAN SAHA | 01718332185 | 1 | Digital |
| 77 | 1201980036600081 | PROBIR KUMAR SAHA | 01882262363 | 1 | Digital |
| 78 | 1203680055825391 | ABU TAIEF MOHAMMAD TANVIR | 01715982588 | 202 | Digital |
| 79 | 1205390001445836 | MOHAMMAD FERDOUS KABIR | 01726233393 | 59,000 | Digital |
| 80 | 1602170017411251 | SHAIKH JAHIDUR RAHMAN | 01871333666 | 55 | Digital |
| 81 | 1204180054898541 | MD.SHAIM UDDIN CHOWDHURY | 01821714189 | 2 | Digital |

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 82 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION<br>Proxy / Representative:<br>Mr. Khalid Ahmed<br>Director (Operation and Planning)<br><br>Mr. Kazi Mohammad Mozammel Hoque<br>Director (Finance)<br><br>Mr. Muhammad Ashraf Hossain<br>Secretary<br><br>Mr. Md. Yousuf Hussain Bhuiyan<br>Sr. General Manager (Audit)<br><br>Mr. Mustafa Qudrat-E-Elahi<br>General Manager (Com. & Ops.)<br><br>Mr. A.T.M. Selim<br>General Manager (Accounts.)<br><br>Mr. Md. Abul Kalam Azad<br>General Manager (Marketing & Distribution)<br><br>Mr. Moni Lal Das<br>General Manager (Finance)<br><br>Mr. Engr. Md. Shafiqul Islam<br>General Manager (Planning & Development)<br><br>Mr. Kazi Md. Shahidur Rahman<br>Deputy General Manager (MIS)<br><br>Mr. Ferdousi Masum Himel<br>Deputy General Manager (Audit)<br><br>BPC OFFICER | 01967499479 | 66,346,780 | Digital |
| 83 | 1203330044428381 | MD ZAHIDUL ISLAM | 01977730494 | 100 | Digital |
| 84 | 1203330023691556 | HOSSAIN MUHAMMAD YAHIA | 01819616237 | 1 | Digital |
| 85 | 1201590008014367 | ALHAJ MOHAMMAD ABDUL WAHHAB | 01711336539 | 20 | Digital |
| 86 | 1202830062858515 | MD ABDUR RAHMAN | 01734205712 | 500 | Digital |
| 87 | 1201600019074553 | MD. OSMAN | 01814814644 | 1 | Digital |
| 88 | 1204180023330902 | AHAMMED KABIR | 01819640608 | 5 | Digital |
| 89 | 1202850037148527 | MD. ABDUL AWAL | 01552316853 | 2 | Digital |
| 90 | 1601880045843500 | KABIR AHMED CHOWDHURY | 01731454294 | 155 | Digital |
| 91 | 1203860014149607 | M.A. AZIZ SHAMEEM | 01673345434 | 5 | Digital |

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 92 | 1204180023990959 | NAZMUN NAHAR | 01818942835 | 25 | Digital |
| 93 | 1605310047333054 | JAHIR UDDIN AHMED BABOR MEAH | 01674895166 | 244 | Digital |
| 94 | 1201580016535064 | ABDUL MOTIN SHAHID | 01732458200 | 1 | Digital |
| 95 | 1202280031977251 | SUMAN SAHA | 01718332185 | 5 | Digital |
| 96 | 1204180023990967 | NAZMUN NAHAR | 01818942835 | 20 | Digital |
| 97 | 1204180025814461 | ABDULLAH AL ZAKI | 01683738148 | 180 | Digital |
| 98 | 1201780035615991 | PARVIN AKTER LIRA | 01716640013 | 8 | Digital |
| 99 | 1202060012036170 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 16 | Digital |
| 100 | 1203010016545666 | DILIP KUMAR SAHA | 01714204474 | 10 | Digital |
| 101 | 1204970056421026 | MOHIBUL MOWLA | 01866172530 | 5 | Digital |
| 102 | 1201960001141762 | KAMAL UDDIN AHMED | 01623544132 | 20 | Digital |
| 103 | 1202060073996711 | TAJRIAN RAHMAN | 01976561229 | 1 | Digital |
| 104 | 1201780035616108 | PARVIN AKTER LIRA | 01716640013 | 9 | Digital |
| 105 | 1203010016545658 | SIFALI SHAHA | 01717364137 | 10 | Digital |
| 106 | 1201530000021952 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 22 | Digital |
| 107 | 1201530000038314 | MUHAMMAD ABDUL WAHAB | 01915164425 | 22 | Digital |
| 108 | 1201600063977596 | SHEIKH FAYSAL RAHMAN | 01707462130 | 4 | Digital |
| 109 | 1201530000042753 | MST. RAJIA MUKTY | 01631050345 | 1 | Digital |
| 110 | 1201910000050454 | MR. MASIH MALIK CHOWDHURY | 01711566073 | 9,428 | Digital |
| 111 | 1603700043508767 | MD. AMIR HOSSAIN BHUIYAN | 01720635688 | 22,500 | Digital |
| 112 | 1201600063977588 | SHEIKH FAYSAL RAHMAN | 01707462130 | 4 | Digital |
| 113 | 1201600019746406 | MARZINA KHANUM | 01914462130 | 5 | Digital |
| 114 | 1601880020279376 | ANM RUHUL QUDDUS | 01713007602 | 20,000 | Digital |
| 115 | 1201600019071201 | MARZINA KHANUM | 01914462130 | 5 | Digital |
| 116 | 1201600021789159 | SK.FOSHAIR RAHMAN | 01711276147 | 20 | Digital |
| **Total Attendance: 116** | | | **Total Holding Share:** | **85,946,500** | |

**47th Annual General Meeting** | **Proxy / Representative Attendance** | **Date : 28 January 2023**

| Sl. | BO ID | BO Name | Proxy/Representative Name | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 1 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION | Mr. Khalid Ahmed<br>Director (Operation and Planning)<br><br>Mr. Kazi Mohammad Mozammel Hoque<br>Director (Finance)<br><br>Mr. Muhammad Ashraf Hossain<br>Secretary<br><br>Mr. Md. Yousuf Hussain Bhuiyan<br>Sr. General Manager (Audit)<br><br>Mr. Mustafa Qudrat-E-Elahi<br>General Manager (Com. & Ops.)<br><br>Mr. A.T.M. Selim<br>General Manager (Accounts.)<br><br>Mr. Md. Abul Kalam Azad<br>General Manager (Marketing & Distribution)<br><br>Mr. Moni Lal Das<br>General Manager (Finance)<br><br>Mr. Engr. Md. Shafiqul Islam<br>General Manager (Planning & Development)<br><br>Mr. Kazi Md. Shahidur Rahman<br>Deputy General Manager (MIS)<br><br>Mr. Ferdousi Masum Himel<br>Deputy General Manager (Audit)<br><br>BPC OFFICER | 66,346,780 | Digital |
| 2 | 1601620043537582 | BNYM AC UPS GROUP TRUST | Abdul Munnaf<br>Officer | 171,184 | Digital |
| **Total Attendance : 2** | | | **Total Holding Share :** | **66,517,964** | |